**SAMPLE QUESTION PAPER**
**SECOND SUMMATIVE ASSESMENT, MARCH - 2012**
**Class – X**
**BENGALI**

Time – 3 hours M.M. – 80

The question Paper is divided into four sections
SECTION A : READING (COMPREHENSION)
SECTION B : WRITING (COMPOSITION)
SECTION C : GRAMMAR
SECTION D : LITERATURE (TEXT BOOK & SUPPLEMENTARY READER)

## SECTION - A

1. অনুচ্ছেদটি পাঠ করে প্রদত্ত উত্তরগুলির মধ্যে সঠিক উত্তরটি বেছে লেখো । 2+2+1=5

শুধু দৈত্যের বাগানেই এখনো শীত।

সে-বাগানে কোনো শিশু নেই, তাই সেখানে কোনো পাখি গান গায় না, কোনো ফুলও ফোটে না। একবার টুকটুকে একটি ফুল ঘাসের তলা থেকে মাথা তুলেছিলো, কিন্তু যেই না সে দেখলো ঐ নোটিশ টাঙানো, ছোটোদের কথা ভেবে তার এমন মন-খারাপ হ'য়ে গেলো যে সে ফের মাটির তলায় ঢুকে ঘুমিয়ে পড়লো। খুশি হ'লো শুধু তুষার আর বরফ। তারা বললে, 'বসন্ত এ-বাগানে ঢুকতে ভুলে গেছে - কী মজা। বারো মাস এখানে আমরাই থাকবো'। তুষার বিছিয়ে দিলো ঘাসের ওপর তার লম্বা শাদা চাদর, আর বরফ গাছগুলোকে মুড়ে দিলো রুপোলি রঙে। কনকনে উত্তুরে হাওয়াকে তারা নেমন্তন্ন ক'রে পাঠালে, হৈ-হৈ শব্দে চ'লে এলো সে। সারা শরীর তার বিদঘুটে ভারি কাপড়ে জড়ানো, সারাটা দিন সে বাগানে দাপাদাপি চীৎকার ক'রে বেড়াচ্ছে। সেও বললো, 'ভারি সুন্দর জায়গা তো। একবার শিলাবৃসিষ্ট এসে বেড়িয়ে যাক।'

এলো শিলাবৃষ্টি। রোজ তিন ঘন্টা ধ'রে দৈত্যের প্রাসাদের ছাদের ওপর সে এমন হুড়মুড় দুড়দাড় ক'রে বেড়ায় যে ছাদের টালিগুলো প্রায় সবই ভেঙে গেলো; আর তারপর বাগানের মধ্যে প্রাণপণে সে ছুটোছুটি করতে লাগলো - সে একখানা কাণ্ড বটে। পরনে তার ছাইরঙের কাপড় আর নিশ্বাস বরফের মত হিম।

1) কে মাটির তলায় ঢুকে ঘুমিয়ে পড়ল ?
   ক) ছোট ছোট শিশুগুলি ।
   খ) একটি টুকটুকে ফুল।
   গ) বাগানের পাখিগুলি ।

2) কার পরণে ছাইরঙা কাপড় ছিল ?
   ক) শিলা বৃষ্টির।
   খ) উত্তুরে হাওয়ার ।
   গ) তুষারের ।

P.T.O.

3) 'নিশ্বাস' এর বিপরীত শব্দ -

ক) মৃত্যু।

খ) কুনিশ্বাস ।

গ) প্রশ্বাস ।

2. অনুচ্ছেদটি পাঠ করে প্রদত্ত উত্তরগুলির মধ্যে সঠিক উত্তরটি বেছে লেখো ঃ 2+2+1=5

সমস্ত বন যেন একসঙ্গে ডাক ছেড়ে উঠল। গাছের মাথায় মাথায় ঝড় বয়ে গেল, দুপ্-দাপ্ শব্দে কোত্থেকে কম্‌সে কম দেড়শো হনুমান লাফিয়ে পড়ে রামগিদ্ধড়বাবুর জীপ গাড়ী ঘেরাও করে ফেললে। দ্বিতীয় লঙ্কাকাণ্ডের পর এ যেন দ্বিতীয় রাবণ বধের ব্যবস্থা।

ব্যাপার দেখেই তো বাঁটকুল সিংয়ের হয়ে গেছে! সে তো 'আরে বাপ্' বলে বন-বাদাড় ভেঙে দৌড়! রামগিদ্ধড়ও জীপ থেকে লাফিয়ে পড়লেন, কিন্তু সঙ্গে সঙ্গে গোদা হনুমান তাঁকে জাপটে ধরলে।

- বাবারে মা-রে - গেছিরে - বলে পরিত্রাহি হাঁক ছাড়লেন রামগিদ্ধড়, কিন্তু দেড়শো হনুমানের গুপ গাপ শব্দে তাঁর চ্যাঁচানি কোথায় তলিয়ে গেল। দুটো হনুমান তাঁর দুকান শক্ত করে পাকড়ে ধরলে, একটা তাঁর দুগালে ঠাঁই ঠাঁই করে বেশ ক'বার চড়িয়ে দিলে।

-জান গিয়া জান গিয়া - বলে যেই রামগিদ্ধড় চেঁচিয়ে উঠে হাঁক ছেড়েছেন, সঙ্গে সঙ্গে সেই যে হনুমান - সকালে যাকে খুব জব্দ করেছিলেন, সে রামগিদ্ধড়ের মুখের ভেতর একখানা চাপাটি গলা পর্যন্ত ঠেসে দিলে।

1) রামগিদ্ধড় বাবুর জীপ গাড়ি কে ঘেরাও করল ?

ক) দেড়শো হনুমান।

খ) বাঁটকুল সিং ।

গ) রাবণের সৈন্যরা।

2) রামগিদ্ধড়বাবু সকালে যে হনুমানকে সকালে জব্দ করেছিলেন সে কি করল -

ক) রামগিদ্ধড়বাবুকে জাপাটে ধরলো।

খ) রামগিদ্ধড়বাবুকে দুগালে ঠাঁই ঠাঁই করে চড় মারল।

গ) রামগিদ্ধড়বাবু গলা পর্যন্ত একটা চাপাটি ঠেসে দিল।

3) 'লাফিয়ে পড়লেন' - সাধুভাষায় লিখলে হবে -

ক) লাফাইয়া পড়াইলেন।

খ) লাফাইয়া পড়িলেন।

গ) লাফিয়া পড়িলেন।

3. অনুচ্ছেদটি পাঠ করে প্রদত্ত উত্তরগুলির মধ্যে সঠিক উত্তরটি বেছে লেখ ঃ 2+2+1=5

গত রাত্রির শেষভাগে বায়েন-পাড়ায় তিন জন আক্রান্ত হইয়াছে, বাউড়ী পাড়ায় দুইজন। উপেন মরিয়াছে। বুড়ি রাঙাদিদি জোড়হাতে তারস্বরে বারবার বলিতেছে - ভগবান রক্ষে কর, হে ভগবান! দোহাই তোমার বাবা! তুমি ছাড়া গরীবের আর কে আছে দয়াময়! গেরাম রক্ষা কর বাবা বুড়ো শিব! হে বাবা! হে

ভোলানাথ! হে কালী!

দেবু গিয়াছে উপেনের সৎকারে। সকাল হইতে দেবু যেন একাই একশ হইয়া উঠিয়াছে। ডিস্ট্রিক্ট বোর্ডে টেলিগ্রাম পাঠাইয়াছে। ইউনিয়ন বোর্ডেও সংবাদ দিয়াছে। নিজে সে রোগাক্রান্তদের বাড়ী বাড়ী ঘুরিয়াছে। যাহারা গ্রাম হইতে সরিয়া যাইতে চাহিয়াছে - তাহাদিগকে সাহায্য করিয়াছে। তারপর উপেন বায়েনের সৎকারের ব্যবস্থা করিতে বসিয়াছে। বায়েনদের মধ্যে সক্ষম পুরুষ মাত্র তিনজন। তাহাদের একজন পালাইয়াছে। বাকী দুইজন রাজী থাকিলেও দুইজনে একটা শব লইয়া যাওয়া অসম্ভব কথা। পাশেই বাউড়ী পাড়ায় অনেক লোক আছে বটে, কিন্তু বাউড়ীরা মুচির শব স্পর্শ করিবে না। তবে বাউড়ীদের মাতব্বর সতীশ তাহার সঙ্গে আছে।

শ্বশানের পথও কম নয়, ময়ূরাক্ষীর গর্ভের উপর শ্মশান - দূরত্ব দেড় মাইলের উপর। অনেক চিন্তা করিয়া শেষে বেলা এগারোটার সময় আপনার গরুর গাড়ী আনিয়া দেবু গাড়ীতে করিয়া উপেনের সৎকারের ব্যবস্থা করিল।

সৎকারের ব্যবস্থা করিয়াই তাহার কর্তব্য শেষ হইল না। বাউড়ী বায়েনদের দায়িত্বজ্ঞান কম, হয়তো গ্রামের কাছেই কোথাও ফেলিয়া দিবে আশঙ্কা করিয়া সে শবের সঙ্গে শ্মশান পর্যন্ত যাইতে প্রস্তুত হইল।

1) উপেনের সৎকারে দেবুর সাথে কে ছিল ?

   ক) রাঙাদিদি।

   খ) ইউনিয়ন বোর্ডের লোকজন ।

   গ) সতীশ।

২) শ্মশান কোন নদীর পাশে ?

   ক) ময়ূরাক্ষী।

   খ) গঙ্গা ।

   গ) বাউড়ী।

৩) 'রোগাক্রান্ত' - সন্ধি বিচ্ছেদ করলে হবে -

   ক) রোগ + ক্রান্ত ।

   খ) রোগ + আক্রান্ত ।

   গ) রোগা + ক্রান্ত ।

## SECTION - B

4. তোমার ছোট ভাইয়ের জন্য একজন গৃহশিক্ষক চাই। সংবাদপত্রে প্রকাশের জন্য একটি বিজ্ঞপ্তি রচনা কর । 3x1=3

অথবা

তোমাদের বিদ্যালয়ে একটি প্রশ্নোত্তর প্রতিযোগিতা হবে। সে বিষয়ে বিদ্যালয়ের নোটিশ বোর্ডের জন্য একটি বিজ্ঞপ্তি রচনা কর।

5. প্রদত্ত সূত্র অবলম্বনে ১০০শব্দের মধ্যে একটি গল্প লেখ। শিরোনাম দাও এবং গল্পটি থেকে কী শিক্ষা পেলে তা লেখ। 3+2+1=6

দেবারতি স্কুলে যাবার সময়ে গাড়িতে - বাবার পাশে বসে ছিল। রেডলাইটে গাড়ি থামলে একটি বারো-তেরো বছরের ছেলে জানলার সামনে এসে হাত বাড়িয়ে ভিক্ষে চাইল - দুটি হাতই বাজির কারখানায় ঝলসে গেছে - দেবারতির অনুশোচনা।

6. নীচের যে কোন একটি বিষয়ের উপর ১০০শব্দের মধ্যে একটি প্রতিবেদন রচনা কর । 6x1=6

ক) পেট্রোলের দাম আবার বাড়ল ।

অথবা

খ) তোমাদের বিদ্যালয়ের ছাত্রী মাধ্যমিক পরীক্ষায় জেলায় প্রথম স্থান অধিকার করেছে।

## SECTION - C (Grammar)

7. নীচে প্রদত্ত বিসর্গ সন্ধি সম্পর্কিত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লেখ ঃ- 1x3=3

১) শিরঃ + ছেদ -

ক) শিরছেদ ।

খ) শিরোচ্ছেদ ।

গ) শিরশ্ছেদ ।

২) নিরাপদ -

ক) নিঃ + আপদ ।

খ) নির + আপদ ।

গ) নিরাঃ + পদ ।

৩) আবিঃ + কার

ক) আবিস্কার ।

খ) আবিষ্কার ।

গ) আবির্কার ।

8. "সাধু ও চলিত ভাষা" সম্পর্কিত নীচের প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লেখ ঃ 1x3=3

১) "দিদি হাঁপাইতে হাঁপাইতে সিঁড়ি ভাঙিয়া আসিলেন" - বাক্যটিকে চলিত ভাষায় লিখলে হবে -

ক) দিদি হাঁপাতে হাঁপাতে সিড়ি ভেঙে আসলেন।

খ) দিদি হাঁপাতে হাঁপাতে সিড়ি ভাঙিয়া আসলেন।

গ) দিদি হাঁপাতে হাঁপাইতে সিড়ি ভেঙে আসিলেন ।

২) "ভগবান তাঁকে বাঁচিয়ে রাখুন" - বাক্যটিকে সাধুভাষায় লিখলে হবে -

ক) ভগবান তাঁহাকে বাঁচিয়ে রাখুন ।

খ) ভগবান তাঁকে বাঁচাইয়া রাখুন ।

গ) ভগবান তাঁহাকে বাঁচাইয়া রাখুন ।

৩) “করে, খাবে, গেছিলাম” - এই শব্দগুচ্ছটি সাধু ভাষায় লিখলে হবে -

ক) করিয়া, খাবে, গিয়াছিলাম।

খ) করিয়া, খাইবে গিয়াছিলাম।

গ) করিয়া, খাইবে, গেছিলাম।

9. নীচে প্রদত্ত “শব্দগত অশুদ্ধি সংশোধন” সম্পর্কিত প্রশ্নের সঠিক উত্তরটি বেছে লেখ ঃ 1x3=3

১. ক) মরীচীকা ।

খ) মরিচিকা ।

গ) মরীচিকা ।

২. ক) হিরণ্ময় ।

খ) হিরন্ময় ।

গ) হীরন্ময় ।

৩. ক) ষষ্ঠদশ ।

খ) ষোড়শ ।

গ) ষষ্টদশ ।

10. “বাক্যের রূপান্তর সাধন” সম্পর্কিত নীচে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লেখঃ 1x3=3

ক) “বৃষ্টি পড়া সত্ত্বেও সে ছাতা আনে নি” - বাক্যটিকে জটিল বাক্যে লিখলে হবে -

ক) বৃষ্টি পড়ছে এবং সে ছাতা আনে নি।

খ) ছাতা না আনলেও বৃষ্টি পড়ছে।

গ) যদিও বৃষ্টি পড়ছে, তবুও সে ছাতা আনে নি ।

খ) “ছেলেটি কথা শোনে না, তাই মা তাকে বকেন।” বাক্যটিকে সরল বাক্যে লিখলে হবে -

ক) ছেলেটি কথা শোনে না বলে মা তাকে বকেন ।

খ) যেহেতু ছেলেটি কথা শোনে না, তাই মা তাকে বকেন।

গ) ছেলেটি কথা শোনে, তবুও মা তাকে বকেন ।

গ) “যদি অভ্যাস না কর, তবে ভালো খেলতে পারবে না” - বাক্যটিকে যৌগিক বাক্যে লিখলে হবে -

ক) অভ্যাস কর এবং ভালো খেলো।

খ) অভ্যাস কর, নতুবা ভালো খেলতে পারবেনা।

গ) অভ্যাস করলে ভালো খেলবে।

11. "একই শব্দের বিভিন্ন অর্থে প্রয়োগ" সম্পর্কিত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লেখ ঃ 1x3=3

ক) 'মাথা' পদটি 'প্রধান' অর্থে কোন বাক্যে ব্যবহৃত হয়েছে -

ক) বাবা আমাদের পরিবারের মাথা।

খ) কথা বলে আমার মাথা খেও না।

গ) কথায় কথায় মাথা গরম কোরো না।

খ) "জ্যোৎস্নার নরম আলোয় জঙ্গলটি রহস্যময় লাগছে" - এখানে 'নরম' শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে -

ক) দলদলে।

খ) পচা ।

গ) স্নিগ্ধ ।

গ) নীচের কোন বাক্যে 'মুখ' শব্দটি 'প্রসন্ন' অর্থে ব্যবহৃত হয়েছে -

ক) মুখ সামলে কথা বলো।

খ) দীর্ঘ তপস্যার পর ভগবান মুখ তুলে চাইলেন।

গ) অংকে একশো পাওয়া মুখের কথা নয়।

## SECTION - D : LITERATURE

### গদ্যাংশ

12. প্রসঙ্গসহ ব্যাখ্যা লেখ (একটি) ঃ- 1X5=5

"শিব ও রুদ্র। রক্ষক ও সংহারক"

অথবা

যে অবস্থায় মানুষ নিজের নিকট নিজে প্রধান দয়ার পাত্র, সে অবস্থায় ঈশ্বরচন্দ্র অন্যকে দয়া করিয়াছেন।

13. "নিজের বিরাট বিস্তৃতির মাঝে কোনখানে সে যে তার মীনসন্তানগুলিকে লুকাইয়া ফেলে খুঁজিয়া বাহির করা কঠিন হইয়া দাঁড়ায়" - 1+2+2=5

ক) কার লেখা, কোন গল্প থেকে নেওয়া হয়েছে ?

খ) কার সম্পর্কে একথা বলা হয়েছে ?

গ) মীনসন্তান গুলিকে সে কখন কেন লুকাইয়া ফেলে ?

অথবা

"আধুনিক শিক্ষার কর্মনাশা স্রোতে সেগুলি বিস্মৃতির অতল গর্ভে তলিয়ে যাচ্ছে" -

ক) কার লেখা, কোন প্রবন্ধ থেকে নেওয়া হয়েছে ?

খ) 'সেগুলি' বলতে কি বোঝানো হয়েছে ?

গ) "আধুনিক শিক্ষার কর্মনাশা স্রোত" বলতে লেখক কী বুঝিয়েছেন ?

14. "ত্রিভুবন এই মহাস্ত্রে গ্রথিত" - 1+2+2=5

ক) ত্রিভুবন কী ?

খ) কোন মহাস্ত্রের কথা বলা হয়েছে ?

গ) তা কী ভাবে ত্রিভুবনকে গ্রথিত করেছে ?

অথবা

"সাহেব নিজের এই অবিকল অনুকরণ দেখিয়া সন্তোষলাভ করেন নাই" -

ক) সাহেব কে ছিলেন ।

খ) কে, কী ভাবে তার অনুকরণ করেছিলেন।

গ) এই অনুকরণে সাহেব অসন্তুষ্ট হয়েছিলেন কেন ?

পদ্যাংশ

15. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ (একটি) ঃ 5x1=5

"ব্যক্তিডুবে যায় দলে মালিকা পরিলে গলে
প্রতি ফুলে কেবা মনে রাখে।"

অথবা

"রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি" ।

16. "স্বচ্ছ সরোবরে
করে কেলি রাজহংস পঙ্কজ কাননে ।
যায় কি সে কভু প্রভু পঙ্কিল সলিলে।
শৈবাল দলের ধাম ?"

ক) কার রচিত, কোন কবিতার অন্তর্গত ?

খ) কে কার প্রতি এই উক্তি করেছেন?

গ) উক্তিটির তাৎপর্য্য আলোচনা কর । 1+2+2=5

অথবা

"পদ্ম কোশের বজ্রমণি ওরাই ধ্রুব সুমঙ্গল" -

ক) কার লেখা, কোন কবিতার অংশ ?

খ) ওরা বলতে কাদের কথা বলা হয়েছে ।

গ) তাদের সম্বন্ধে এই রূপ উক্তির কারণ কি ?

17. "কিন্তু শুধু ফলটি নিলে তো চলবে না, সঙ্গে সঙ্গে এই চিঠিখানি আর এখানি যে লিখেছে তার মেয়েটিকেও তোমায় নিতে হচ্ছে।"

ক) কে, কাকে একথা বলেছে ?

খ) কোন ফল, কে পাঠিয়েছিল ?

গ) ফলটি পাঠানোর উদ্দেশ্য কী ছিল ? 1+2+2=5

অথবা

"'এখন একবার সেই আশ্চর্য-সুন্দরী পদ্মিনী রানীকে দেখতে পেলেই খুশি হয়ে বিদায় হই" -

ক) কে, কাকে একথা বলেছে ?

খ)  তাকে পদ্মিনীকে কীভাবে দেখানো হয়েছিল ?

গ)  পদ্মিণীর রূপের বর্ণনা দাও ।

18. চিতার আগুনে সেই সুন্দর ফুল ছাই হয়েছে" -

ক)  সুন্দর ফুলটির পরিচয় দাও।

খ)  ফুলটির এই পরিণতির কারণ কী ?

গ)  এরপর বাদশা কী করলেন ?  1+2+2=5

অথবা

"এই অমাবস্যার রাত্রে ঝড়ে জলে ঘোর অন্ধকারে কমল কুমারী হাম্বিরকে নিয়ে মহাশ্মশানের ভিতরে এসে উপস্থিত হলেন"

ক)  কমল কুমারী ও হাম্বির কে ছিলেন ?

খ)  তাঁরা কেন এই মহাশ্মশানে এসে উপস্থিত হলেন ?

গ)  তারা কীভাবে এই মহাশ্মশানে এসে উপস্থিত হলেন ?